

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৬১৫

পর্ব-১১: হজ (এআনা باتك)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - 'আরাফাহ ও মুযদালিফা হতে ফিরে আসা

### আরবী

وَعَن ابنِ عبَّاسٍ، قَالَ: يُلَبِّي المقيمُ أُو المعتَمِرُ حَتَّى يستلمَ الْحَجَرَ) . رَوَاهُ أَبُو دَاوُدَ وَقَالَ: وَرُوِيَ مَوْقُوفًا على ابنِ عبَّاس.

#### বাংলা

২৬১৫-[১২] ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, মুক্কীম (মক্কাবাসী) অথবা 'উমরাহকারী (মক্কার বাইরে থেকে আগন্তুক) হাজারে আসওয়াদ স্পর্শ না করা পর্যন্ত তালবিয়াহ্ (লাব্বায়কা) পাঠ করতে থাকবে। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ১৮১৭, ইরওয়া ১০৯৯। কারণ এর সনদে ইবনু আবী লায়লা স্মৃতিশক্তিগত ত্রুটিজনিত কারণে একজন দুর্বল রাবী।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: যে ব্যক্তি 'উমরা'র ইহরাম বেঁধেছে সে ইহরাম বাঁধা থেকে শুরু করে তাওয়াফ শুরু করা পর্যন্ত তালবিয়াহ্ পাঠ করবে। অতঃপর তালবিয়াহ্ পাঠ করা ছাড়বে। রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তালবিয়াহ্ পাঠ বন্ধ করতেন যখন পাথর চুম্বন করতেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন